গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা- ০৪
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা- ১২০৭



স্মারক নং- ৫৭.০৩.০০০০.০০০.০৪৬.২৭.০০৯.২৫-৬৪৮ | তারিখ: ৩০/০৮/২০২৬ খ্রি.

## প্রজ্ঞাপন

যেহেতু, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন শেরপুর সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের ক্লিনার, শাহ মোঃ দেলোয়ার হোসেন ১৫/১২/২০২৪ তারিখ হতে ০৮/১১/২০২৫ তারিখ পর্যন্ত ১০ (দশ) মাস ২৪ (চব্বিশ) দিন অর্থাৎ মোট ৩২৪ (তিনশত চব্বিশ) দিন কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন মর্মে অধ্যক্ষ এ অধিদপ্তরকে অবহিত করেন; এবং

যেহেতু, শেরপুর সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের ২৮/১২/২০২৪ তারিখের ৫৭.০৩.৮৯৮৮.২০১.২৭.০৬৬.২৪-১৫৪৬ নং স্মারক, ২২/০২/২৫ তারিখের ৫৭.০৩.৮৯৮৮.২০১.২৭.০৬৬.২৫.১৩০ নং স্মারক ও ২৬/০২/২০২৫ তারিখের ৫৭.০৩.৮৯৮৮.২০১.২৭.০৬৬.২৫-৩৪২ নং স্মারকে যথাক্রমে ১ম, ২য় ও ৩য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয় কিন্তু তিনি কারণ দর্শানোর নোটিশের কোনটির জবাব প্রদান করেন নি;

যেহেতু, তদন্ত প্রতিবেদনের মতামতের প্রেক্ষিতে তার বিরুদ্ধে কারিগরি শিক্ষা অধিদপ্তরের ০৯/০৭/২০২৬ তারিখের ৫৭.০৩.০০০০.০৪৬.২৭.০৯.২৫-২৫২ নং স্মারক মোতাবেক বিভাগীয় মামলা রুজু করা হয়, তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়টি স্বীকার করে শেরপুর সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের ০৩/০৮/২৬ তারিখের ৫৭.০৩.৮৯৮৮.৩৪৭.২০১.২৭.০০৬৬.২৬.৮৩৯ নং স্মারক মোতাবেক অধ্যক্ষ, ক্লিনার শাহ মোঃ দেলোয়ার হোসেনের অভিযোগনামার জবাবের অগ্রণীতকরণ পত্র মহাপরিচালক বরাবর প্রেরণ করেন এবং অগ্রনীতকরণ পত্র পর্যালোচনায় দেখা যায় তিনি ব্যক্তিগত শুনানি হতে অব্যাহতি চেয়ে তার ভুলের জন্য ক্ষমা চেয়েছেন;

সেহেতু, শেরপুর সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের অভিযুক্ত ক্লিনার শাহ মোঃ দেলোয়ার হোসেন নিজের অপরাধ অর্থাৎ 'পলায়ন' ও 'অসদাচরণ' এর অপরাধ স্বীকার করায় "সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল( বিধিমালা, ২০১৮" এর ৪(২)(খ) মোতাবেক তার ০২ (দুই) বছরের জন্য "বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত" রেখে লঘুদন্ড আরোপ করা হলো। তিনি উক্ত ০২ (দুই) বছরের বেতন বৃদ্ধি কখনও প্রাপ্য হবেন না, ০২ (দুই) বছর অতিক্রান্ত হওয়ার পর ৩য় বছর হতে স্বয়ংক্রিয়ভাবে তিনি বার্ষিক বেতন বৃদ্ধি প্রাপ্য হবেন। এছাড়া, তার অননুমোদিত ১৫/১২/২০২৪ তারিখ হতে ০৮/১১/২০২৫ তারিখ পর্যন্ত ১০ (দশ) মাস ২৪ (চব্বিশ) দিন অর্থাৎ মোট ৩২৪ (তিনশত চব্বিশ) দিন অনুপস্থিতকাল বিনা বেতনে 'অসাধারণ ছুটি' হিসাবে গণ্য হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৩০-৮-২৬

(আবুল খায়ের মোঃ আব্বাস আলী)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০০০.০৪৬.২৭.০০৯.২৫-৬৪৮ | তারিখ: ৩০/০৮/২০২৬ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭।
২. অধ্যক্ষ, শেরপুর সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, শেরপুর।
৩. ডিভিশনাল কন্ট্রোলার অব অ্যাকাউন্টস, ডিভিশনাল কন্ট্রোলার অব অ্যাকাউন্টস এর কার্যালয়,..................।
৪. ডিস্ট্রিক্ট অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, ডিস্ট্রিক্ট অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়,.........।
৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ এবং সংশ্লিষ্টদের ই-মেইল এ প্রেরণের অনুরোধসহ)।
৬. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৭. শাহ মোঃ দেলোয়ার হোসেন, ক্লিনার, শেরপুর সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট [স্থায়ী ঠিকানা: গ্রাম- নাওভাঙ্গা, ডাকঘর- রৌহা, উপজেলা- শেরপুর সদর, জেলা- শেরপুর]।
৮. সংরক্ষণ নথি।

(মোঃ হুমায়ুন কবির)
সহকারী পরিচালক-০৪